# উপজেলা পরিষদ
# নীলফামারী সদর, নীলফামারী।

## নীলফামারী সদর উপজেলা পরিষদ এর জুন, ২০২৫ মাসের সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ সাইফুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও প্রশাসক<br>উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী। |
| তারিখ | ঃ | ২৫ জুন ২০২৫ খ্রিস্টাব্দ। |
| সময় | ঃ | বিকাল ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য। |

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, নীলফামারী সদর উপস্থিত সকলকে স্বাগত সভার কাজ আরম্ভ করা হয় এবং গত ২৯-০৫-২০২৫ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় এবং বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৭টি কমিউনিটি ক্লিনিক সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত চালু রেখে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। গত মে ২০২৫ মাস পর্যন্ত ২০৯ জন এএনসি (ANC) ও ৫৮ জনকে পিএনসি(PNC) সেবা প্রদান করা হয়। ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>ইপিআই কভারেজঃ মে ২০২৫ মাস পর্যন্ত বিসিজি-১০১, পেন্টা ১-১১০%, পেন্টা ২-১০৯%, পেন্টা ৩-১১২%, এমআর ১-৮৯%, এমআর ২-১০৩%। সার্ভিল্যান্স কার্যক্রম চালু রয়েছে।<br>স্বাস্থ্য শিক্ষা কার্যক্রমঃ নীলফামারী সদর উপজেলায় ইপিআই আউটরিচ কেন্দ্র ও বিদ্যালয়ে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে।<br>ডায়রিয়াঃ মে ২০২৫ মাসে ডায়রিয়া রোগী ২৭১ জন। ডায়রিয়া বিষয়ে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম জোড়দার করা হয়েছে এবং প্রতি ইউনিয়নে ০১টি করে মেডিকেল টিম গঠন করা হয়েছে।<br>যক্ষাঃ মে ২০২৫ মাসে মোট ৯০ জন যক্ষা রোগী সনাক্ত করা হয়। এমডিআর রোগী নাই।<br>কুষ্ঠঃ মে ২০২৫ মাসে ২০ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়। সন্দেহ জনক কুষ্ঠ রোগী সনাক করনে কার্যক্রম চালু রয়ে।<br>স্যানিটেশন কার্যক্রমঃ হাট-বাজার পরিদর্শন ১২টি, মোবাইল কোর্ট-১০, নমুনা প্রেরণ-০১, মামলা-১৬, জরিমানা-৪৪,০০০/- টাকা। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীকে স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদর, নীলফামারী এর কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি রবি মৌসুমে বোরো ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ২৩৪৭৫ হেঃ, অর্জন ২৩৭৪৬ হেঃ। মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসলের পরিচর্যার জন্য কৃষক পরামর্শ পদান করা হচ্ছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। | ১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>২। ভেজাল কীটনাশক বন্ধে দোকানসমূহে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মৎস্য চাষীকে আধুনিক পদ্ধতিতে মাছ চাষের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পিরানহা ও আফ্রিকান মাগুর মাছ চাষ, মজুদ, ক্রয়-বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ। এ উদ্দেশ্যে নিয়মিত বাজার এবং মাঠ পরিদর্শণ কার্যক্রম চলমান আছে। রাজস্ব বাজেটের আওতায় পদ্ম বিল এবং নাদিয়ার বিলে মাছের পোনা অবমুক্ত করা হবে। | আধুনিক পদ্ধতিতে মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে এবং যথা নিয়মে পদ্ম বিল এবং নাদিয়ার বিলে মাছের পোনা অবমুক্ত করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| <u>০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ</u> উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, নীলফামারী সদর এর আওতায় এলডিডিপি প্রকল্পের আওতায় ১২০জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রতিদিন ২১৫জন ছাত্র-ছাত্রীকে স্কুল মিল্ক ফিডিং প্রদান করা হয়। ০১টি ফ্রি ভেটেরেনারি মেডিকেল টিমের মাধ্যমে ৩৭৫জনকে টিকাদান বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৫টি উঠান বৈঠকে ১৫০জন অংশগ্রহণকারীকে পারিবারিক হাঁস/মুরগি লালনপালন এবং লাম্পি স্কিনডিজিস সম্পর্কে জনসচেতনতা কার্যক্রম চলমান আছে। টিকাদান কর্মসূচির আওতায় ১০০০টি গবাদি পশু এবং ৬৩০০টি হাঁসমুরগির টিকা প্রদান করা হয়েছে। চিকিৎসা প্রদান কর্মসূচির আওতায় ২২৯২টি গবাদি পশু ও ১১২৫২টি হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। বেসরকারিভাবে ১টি গবাদি পশুর খামার ও ২টি মুরগির খামার স্থাপন করা হয়েছে। কৃত্রিম প্রজনন কর্মসূচির আওতায় হিমায়িত সিমেনদ্বারা ৭৮৩টি ও তরল সিমেনদ্বারা ৮৬০টি প্রজনন করা হয়েছে এবং সংকর জাতের বাছুরের জন্মের সংখ্যা ৫৬২টি। ২.২৫ একর পাকচং ও ৬.৫০ একর নেপিয়ার ঘাস চাষ হয়েছে। এছাড়াও ২৪৫৩ মেঃটন দুধ, ২১০৮ মেঃটন মাংস ও ৩৮.৫ লক্ষ ডিম উৎপাদন হয়েছে। | গবাদিপশু ও হাঁস-মুরগি পালনের উপর সাধারণ জনগণকে প্রশিক্ষণের মাধ্যমে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নীলফামারী সদর |
| <u>০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি-১০৮,০৮০ জন, সর্বমোট গ্রহণকারী-৮৯১২৫জন, পদ্ধতি, গ্রহণকারীর হার-৮২.৪৬%, মোট গর্ভবতী ৩৫০৯ জন, স্বাভাবিক প্রসব-ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৩৩জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে-১৩জন।<br>মে ২০২৫ মাসে খাবার বড়ি ১০৭১ চক্র, আপন ২২৭ চক্র, কনডম ৯০৯৭পিস, ইনজেকশন ২২৫১ ভায়াল বিতরণ করা হয়েছে এবং আই.ইউ.ডি ৩২ জন, ইমপ্ল্যান্ট ৯৬ জন ও ই.সি.পি ০৩ জন প্রদান করা হয়েছে। এছাড়াও ০৪ জন পুরুষ ও ২৫জন মহিলাকে স্থায়ী পদ্ধতি প্রদান করা হয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ, স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর |
| <u>০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহের মধ্যে প্যাকেজ নম্বর-১৯ সোনারায় ইউনিয়নের সেকেন্দারের বাড়ি হতে বীর মুক্তি যোদ্ধা নুরুল ইসলামের বাড়ি পর্যন্ত ড্রেন নির্মাণ কাজের জন্য যায়গা না দেওয়ায় প্রাক্কলন সংশোধনপূর্বক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত যায়গায় প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এবং প্যাকেজ নম্বর-২০, ২১, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ৩১ ও ৩২ এর নির্ধারিত স্থানে সঠিক পরিমাণ যায়গা না থাকায় এলাকার গন্যমান্য ব্যক্তির চাহিদা অনুযায়ী প্রাক্কলন সংশোধনপূর্বক ইউপি সদস্য ও ইউপি চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থানে প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের ১৭টি কমিটি এবং সকল ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য তিনি সকলকে অনুরোধ করেন।<br>তিনি আরও জানান যে, নীলফামারী সদর উপজেলা পরিষদ চত্বরে সম্প্রসারিত প্রশাসনিক ভবনটি বিগত ২০১৩-২০১৪ অর্থ বছরে নির্মাণ কাজ সম্পন্ন হয়। প্রাক্কলনে সম্প্রসারিত প্রশাসনিক ভবনের সাথে পৃথক হলরুম ধরা থাকলেও নির্বাচিত স্থানে পুরাতন ভবন এবং গাছ থাকায় হলরুমটি নির্মাণ করা সম্ভব হয় নাই। বর্তমানে প্রশাসনিক ভবনের কনফারেন্সরুমে সভা-সমাবেশ অনুষ্ঠিত হচ্ছে। ১৫টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে গঠিত নীলফামারী সদর উপজেলা। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও দপ্তর প্রধানগণকে নিয়ে উপজেলা পরিষদের মাসিক সভাসহ অন্যান্য সভা-সমাবেশে উপস্থিতির চেয়ে প্রশাসনিক ভবনের কনফারেন্সরুমে জায়গা অপ্রতুল হওয়ায় সভা সমাবেশ সমস্যা হয়। সম্প্রসারিত প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে স্থান ফাঁকা হওয়ায় হলরুম নির্মাণ করা বিশেষ প্রয়োজন। নতুন হলরুম নির্মাণ কাজের ২,৩১,১৪,১৪২/-(দুই কোটি একত্রিশ লক্ষ চৌদ্দ হাজার একশত বিয়াল্লিশ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদন এবং প্রকল্প প্রস্তাব স্থানীয় সরকার বিভাবে প্রেরণের লক্ষ্যে তিনি সভায় প্রস্তাব পেশ করেন। | ১। প্যাকেজ নম্বর-১৯, ২০, ২১, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ৩১ ও ৩২ এর সংশোধিত প্রাক্কলন অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের ১৭টি কমিটি এবং সকল ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্প প্রস্তাব দাখিলের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>৩। উপজেলা পরিষদের হলরুম নির্মাণের জন্য ২,৩১,১৪,১৪২/-(দুই কোটি একত্রিশ লক্ষ চৌদ্দ হাজার একশত বিয়াল্লিশ) টাকার প্রাক্কলন অনুমোদন এবং প্রকল্প প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের লক্ষ্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা পরিষদের পুরাতন ও জরাজীর্ণ গোডাউন ৭৫৫০৩/- (পঁচাত্তর হাজার পাঁচশত তিন) টাকায় নিলামে বিক্রির জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১১ জুলাই ২০১৩ তারিখ ৩১৩নং স্মারকে প্রশাসনিক অনুমোদন প্রদান করেছেন। যা নিলামে বিক্রয়ের জন্য তিনি সভায় প্রস্তাব পেশ করেন। এছাড়াও এ উপজেলার নিম্নবর্ণিত ০৪টি ইউনিয়ন পরিষদের জরাজীর্ণ ভবন নিলামে বিক্রয়ের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা উপজেলা পরিষদের অনুমোদন প্রয়োজন।<br><br>ক্রম / ইউনিয়ন পরিষদের নাম / নিলামে বিক্রয় মূল্য<br>০১ / ৩নং খোকশাবাড়ী ইউনিয়ন পরিষদ / ৪৬৮৪০.০০<br>০২ / ৭নং কচুকাটা ইউনিয়ন পরিষদ / ৪৪০২০.০০<br>০৩ / ১১নং সংগলশী ইউনিয়ন পরিষদ / ৪১০৭০.০০<br>০৪ / ১৫নং লক্ষীচাপ ইউনিয়ন পরিষদ / ৩৭৬৮০.০০ | ৪। উপজেলা পরিষদের জরাজীর্ণ গোডাউন ৭৫,৫০৩/- টাকা, এবং খোকশাবাড়ী ইউনিয়ন পরিষদের জরাজীর্ণ ভবন ৪৬,৮৪০/-টাকা, ৭নং কচুকাটা ইউনিয়ন পরিষদের জরাজীর্ণ ভবন ৪৪,০২০/-টাকা, ১১নং সংগলশী ইউনিয়ন পরিষদের জরাজীর্ণ ভবন ৪১,০৭০/-টাকা এবং ১৫নং লক্ষীচাপ ইউনিয়ন পরিষদের জরাজীর্ণ ভবন ৩৭,৬৮০/-টাকায় নিলামে বিক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| তিনি আরও জানান যে, লক্ষীচাপ ইউনিয়নের কচুয়া হতে টুপামারী ইউনিয়নের রামগঞ্জ পর্যন্ত রোড আইডি-৪০০১ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর হতে পাকাকরণের জন্য টেন্ডার হওয়ায় উক্ত রাস্তার চেইনেজ ০০ হতে ৬৫০ পর্যন্ত এইচবিবি রয়েছে। উক্ত এইচবিবি নিলামে বিক্রয়ের জন্য ১০৫১৪২/-(এক লক্ষ পাঁচ হাজার একশত উনপঞ্চাশ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা উপজেলা পরিষদের অনুমোদনের জন্য তিনি সভায় প্রস্তাব পেশ করেন।<br>দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ৫। লক্ষীচাপ ইউনিয়নের কচুয়া হতে টুপামারী ইউনিয়নের রামগঞ্জ পর্যন্ত রোড আইডি-৪০০১ চেইনেজ ০০-৬৫০ পর্যন্ত এইচবিবি রাস্তা ১,০৫,১৪২/-(এক লক্ষ পাঁচ হাজার একশত উনপঞ্চাশ) টাকায় নিলামে বিক্রয়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে সকল প্রকার ভাতাভোগীদের অনুকূলে ভাতা বিতরণের জন্য লাইভ ভেরিফিকেশন কার্যক্রম সম্পন্ন করে ভাতা বিতরণ করা হয়েছে। | সকল প্রকার ভাতা নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর |
| ০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার নীলফামারী সদর |
| ০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারীর প্রতিনিধি সভায় জানান যে, "জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ" কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ চক্রে উপকারভোগীদের আবেদন প্রক্রিয়া গত ৬ এপ্রিল হতে ২৬ এপ্রিল ২০২৫ পর্যন্ত চলমান ছিলো। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচন চলমান। | নীতিমালার আলোকে ভিডব্লিউবি এবং মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগী নির্বাচন করতে হবে। | চেয়ারম্যান, সকল ইউপি নীলফামারী সদর |
| ক্ষুদ্রঋণ দান কর্মসূচির আওতায় ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প এর মোট ১৬টি ক্লাবের মোট সদস্য সংখ্যা ৪৮০ জন, কিশোর-কিশোরীদের বয়স ১০ বছর হতে ১৯ বছর পর্যন্ত এবং প্রতিটি ক্লাবে ২০ জন কিশোরী ও ১০ জন কিশোর। স্বেচ্ছাসেবী মহিলা মহিলা সমিতি নিবন্ধনের আওতায় মোট সমিতির সংখ্যা ৪৮টি। বাল্য বিবাহ, মানবপাচার ও কর্মস্থলে যৌন হয়রানি নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা কার্যক্রম চলমান। | | |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী জানান যে, " সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে ১৮০টি অগভীর নলকূপ স্থাপন কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নীলফামারী সদর |
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলার ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ০১টি পরীক্ষণ বিদ্যালয় রয়েছে। উক্ত বিদ্যালয়সমূহ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |

চলমান

| | | |
|---|---|---|
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চওড়াবড়গাছা ও লক্ষীচাপ ইউনিয়নে গাভীপালন প্রকল্প চলমান। উক্ত প্রকল্পের ঋণখেলাপীর সংখ্যা ৪৮ জন। ঋণ আদায়ের কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্যপুস্তক বিতরণ প্রদান করা হয়েছে। অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান। নীলফামারী সদর উপজেলায় ৭(সাত)টি পরীক্ষা কেন্দ্রে আগামী কাল ২৬/৬/২০২৫খ্রিস্টাব্দ তারিখ হতে এইচএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে। | শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত পাঠদান কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থ বছরের সকল প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। | আগামী ২০২৫-২৬ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প গ্রহণ ও যথা সময়ে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী সদর কর্তৃক ছয়টি প্রকল্প/ কর্মসূচি চলমান রয়েছে। | চলমান প্রকল্পসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।<br>(১) খাদ্যগুদামে বর্তমান মজুদ ঃ<br>চাল-৬৮৮৬.০০০ মেঃ টন, ধান-১১৫২.০০ মেঃ টন, গম- ০.০০০ মেঃ টন<br>(২) সংগ্রহ কার্যক্রম ঃ অভ্যন্তরীন বোরো সংগ্রহ/২০২৫ শুরু হয়েছে।<br>(৩) বিলি/বিতরণ ঃ জিআর, ইপি,ওপি, ভিডব্লিউবি, ওএমএস ও টিসিবি খাতে খাদ্যশস্য বিলি বিতরণ চলছে।<br>(৪) বাজারদর ঃ ধান - ৩২/- থেকে ৩৩/- প্রতি কেজি দর<br>চাল - ৪৭/- থেকে ৪৯/- " " "<br>গম - ৪৮/- থেকে ৫০/- " " "<br>আটা - ৫৪/- থেকে ৫৬/- " " "<br>লবণ- ৩৫/- থেকে ৪০/- " " "<br>চিনি - ১৩৫/- থেকে ১৪০/- " " "<br>ডাল (মসুর)- ১১০/- থেকে ১৪০/- " " "<br>সয়াবিন তেল - ১৯০/- থেকে ১৯৫/- " " "<br>(৫) ওএমএস কার্যক্রম ঃ নীলফামারী পৌরসভার ৯ টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫ দিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০ মেঃ টন করে আটা ও ১.০০০ মেঃ টন করে চাল বিক্রয় কার্যক্রম জুলাই ২০২৪ হতে শুরু হয়েছে। প্রতি কেজি আটা ২৪/- (চব্বিশ) টাকা এবং প্রতি কেজি চাল ৩০/- (ত্রিশ) টাকা।<br>(৬) ভিডব্লিউবি কার্যক্রমঃ ২০২৪-২০২৫ অর্থ বছরে ভিডব্লিউবি খাতে জুন ২০২৫ মাসের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে চালের ডিও ইস্যু করা হয়েছে। চাল বিলিবিতরণ চলমান রয়েছে।<br>(৭) চাল/ধান সংগ্রহ/২০২৪-২০২৫ বোরো সংগ্রহ/২০২৫ কার্যক্রম গত ২৪ এপ্রিল ২০২৫ তারিখ শুরু হয়েছে। বোরো সংগ্রহ ২০২৫ মৌসুমে নীলফামারী সদর উপজেলায় ১৬১৬৫ মেঃ টন বোরো সিদ্ধ চাল ও ১৭০২ মেঃ টন বোরো ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। প্রতি কেজি সিদ্ধ চালের সংগ্রহ মূল্য ৪৯/- (উনপঞ্চাশ) টাকা এবং বোরো ধানের সংগ্রহ মূল্য মূল্য ৩৬/- (ছত্রিশ) টাকা। চলমান বোরো সংগ্রহ ২০২৫ মৌসুমে অদ্যাবধি ৪৪১৯.৬৩০ মেঃ টন বোরো চাল ও ১১৫২.০০০ মেঃ টন বোরো ধান সংগ্রহ করা হয়েছে। | ১। সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। লক্ষ্য মাত্রা অনুযায়ী অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৫ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |

চলমান

| | | |
|---|---|---|
| (৮) টিসিবি ঃ টিসিবি খাতে জুন ২০২৫ মাসের বরাদ্দপত্র প্রাপ্তি সাপেক্ষে অত্র উপজেলার ১৫টি ইউনিয়ন ও নীলফামারী পৌরসভায় চালের ডিও ইস্যু ও চাল বিলি বিতরণ চলমান। জুন ২০২৫ মাসে ১১৭.০৫০ মেঃ টন চাল বিলি বিতরণ করা হবে।<br>(৯) খাদ্যবান্ধব কর্মসূচীঃ নীলফামারী সদর উপজেলায় ৩০৭১৩ জন হতদরিদ্র খাদ্য বান্ধব ভোক্তা রয়েছে। নীতিমালা অনুযায়ী এপ্রিল/২০২৫ মাসে ৯২০.৪৯০ মেঃ টন চাল বিলি বিতরণ করা হয়েছে। প্রতি কেজি চালের বিক্রয় মূল্য ১৫/- (পনেরো) টাকা। নীতিমালা অনুযায়ী আগামী সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর ২০২৫ মাসের উক্ত খাতে চাল বিলি বিতরণ করা হবে। | | |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্তভাবে তার দপ্তরের মে-২০২৫ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>১৮.১। ৩য় পর্ব নমুনা দাগগুচ্ছ জরীপ প্রতিবেদন প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। বোরো ফসলের আনুমানিক হিসাব প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। বোরো ফসলের নমুনা কর্তন পরীক্ষার ফলাফল জেলা পরিসংখ্যান কার্যালয়ের প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | সকল প্রকার প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নীলফামারী সদর এর কার্যক্রম চলমান রয়েছে। | আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ সহকারী প্রকৌশলী জানান যে, চলতি রবি মৌসুমে বিএমডিএ'র আওতায় ৬৩টি গভীর নলকূপ ও ৪টি এলএলপি'র মাধ্যমে নীলফামারী সদর উপজেলা সেচ কার্যক্রম অব্যাহত রয়েছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, নীলফামারী |
| ২১. আইসিটি বিভাগঃ সহকারী প্রোগ্রামার জানান যে, হার পাওয়ার প্রকল্পের আওতায় ৬টি ব্যাচের মধ্যে ৫টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ১টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। তিনি আরোও জানান যে, এ উপজেলার অনেক সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল অদ্যাবধি হালনাগাদ করা হয়নি। তিনি সংশ্লিষ্ট সকলকে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের দপ্তর প্রধান সকল/ চেয়ারম্যান, ইউপি সকল নীলফামারী সদর |
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ): নীলফামারী সদর ইউনিট অফিস, বিএডিসি নীলফামারী এর কার্যক্রম চলমান রয়েছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| ২৩. নির্বাচন কমিশনঃ উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, তার দপ্তরের কারক্রম কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার নীলফামারী সদর। |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, চলতি অর্থ বছরের উঠান বৈঠকসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গত অর্থ বছরের অনুমোদিত সকল প্রকল্প শতভাগ বাস্তবায়ন হয়েছে। চলতি অর্থ বছরে অদ্যাবধি কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প বাস্তবায়ন করা হবে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী/ ইউডিএফ নীলফামারী সদর, নীলফামারী। |
| ২৭. গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পঃ উপজেলা সমন্বয়কারী, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প ৩য় পর্যায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের কার্যক্রম চলমান। গ্রাম আদালত কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য ৫টি রেজিস্টার ব্যবহার বাধ্যতামূলক। কয়েকটি ইউনিয়ন পরিষদ ৫টি রেজিস্টার ব্যবহার করছেনা। তিনি ৫টি রেজিস্টার ব্যবহার করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | গ্রাম আদালত কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্নের জন্য ৫টি রেজিস্টার যথাযথভাবে ব্যবহার করবেন। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) নীলফামারী সদর। |

চলমান

CamScanner

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদে কর্মরত কর্মকর্তা/কর্মচারিদের জন্য আবাসিক ভবন নির্মান সংক্রান্ত।

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন ও জরাজীর্ণ ০৩(তিন) টি (তিস্তা, কর্ণফুলী ও যমুনা) আবাসিক ভবন স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা'র ১২ জুলাই ২০২৩ তারিখ ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০২৬.১২-৩২৩নং স্মারকে পরিত্যক্ত ঘোষণা ও নিলামে বিক্রেয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করেছেন। উপজেলা পরিষদের রাজস্ব আয়বৃদ্ধি এবং কর্মরত কর্মকর্তা/কর্মচারিদের জন্য আবাসন ব্যবস্থা নিশ্চিতের জন্য নতুন আবাসিক ভবন নির্মাণ করা প্রয়োজন। নতুন আবাসিক ভবন নির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য তিনি প্রস্তাব পেশ করেন। সভায় এ বিষয়ে সকলের মাঝে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের ০৩(তিন)টি (তিস্তা, কর্ণফুলী ও যমুনা) আবাসিক ভবন স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা'র ১২ জুলাই ২০২৩ তারিখ ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০২৬.১২-৩২৩নং স্মারকে পরিত্যক্ত ঘোষণা করায় নতুন ০৩(তিন)টি আবাসিক ভবন নির্মাণের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/৬/২৫

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১.২৪(৪৫)

তারিখঃ ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, নীলফামারী।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
০৬। উপজেলা..............................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।
০৭। চেয়ারম্যান,..............................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

২৫/৬/২৫

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner

পরিশিষ্ট 'ক'

উপজেলা পরিষদের জুন ২০২৫খ্রিস্টাব্দ মাসের সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা স্বাক্ষরের ক্রমানুসারে

| ক্রম | সদস্যের নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নীলফামারী সদর | স্বাক্ষরিত |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ০৪ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ০৫ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ০৭ | উপজেলা পঃ পঃ অফিসার, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ০৯ | উপজেলা সমাজসেবা অফিসার, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ১৩ | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ১৪ | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী এর প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৫ | অফিসার ইনচার্জ, নীলফামারী থানা, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা পরিসংখ্যান অফিসার, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ১৮ | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা আইসিটি আইসিটি অফিসার, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, ইউজিডিপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ২১ | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ২২ | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ২৩ | চেয়ারম্যান, ১নং চওড়া বড়গাছা ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ২৪ | প্রশাসক, ২নং গোড়গ্রাম ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ২৫ | চেয়ারম্যান, ৩নং খোকশাবাড়ী ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ২৬ | চেয়ারম্যান, ৪নং পলাশবাড়ী ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ২৭ | চেয়ারম্যান, ৫নং টুপামারী ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ২৮ | চেয়ারম্যান, ৬নং রামনগর ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ২৯ | চেয়ারম্যান, ৭নং কচুকাটা ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ৩০ | চেয়ারম্যান, ৮নং পঞ্চপুকুর ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ৩১ | চেয়ারম্যান, ৯নং ইটাখোলা ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ৩২ | প্যানেল চেয়ারম্যান-১, ১০নং কুন্দপুকুর ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ৩৩ | চেয়ারম্যান, ১১নং সোনারায় ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ৩৪ | চেয়ারম্যান, ১২নং সংগলশী ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ৩৫ | চেয়ারম্যান, ১৩নং চড়াইখোলা ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ৩৬ | চেয়ারম্যান, ১৪নং চাপড়া সরমজানী ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ৩৭ | চেয়ারম্যান, ১৫নং লক্ষীচাপ ইউপি, নীলফামারী সদর। | স্বাক্ষরিত |
| ৩৮ | উপজেলা সমন্বয়কারী, বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প, ৩য় পর্যায় | |

১৫/৬/২৫

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner

পরিশিষ্ট 'খ'

উপজেলা পরিষদের জুন ২০২৫খ্রিস্টাব্দ মাসের সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা স্বাক্ষরের ক্রমানুসারে

| ক্রম | সদস্যের নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নীলফামারী সদর। | অনুপস্থিত |
| ০২ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। | অনুপস্থিত |
| ০৩ | উপজেলা নির্বাচন অফিসার, নীলফামারী সদর। | অনুপস্থিত |
| ০৪ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নীলফামারী সদর। | অনুপস্থিত |
| ০৫ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নীলফামারী। | অনুপস্থিত |
| ০৬ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নীলফামারী সদর। | অনুপস্থিত |

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

CamScanner